দৈনিক ইনকিলাব

তারিখ 03 AUG 1994
পৃষ্ঠা ১ কলাম ৬

103

# এইচএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে ৪টি বোর্ডে ১২১৮ জন পরীক্ষার্থী বহিষ্কৃত

॥ স্টাফ রিপোর্টার ॥

এইচএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে গতকাল অসদুপায় অবলম্বনের জন্য চারটি বোর্ডে ১ হাজার ২শ' ১৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে রাজশাহী বোর্ডে সর্বোচ্চ ৬শ' ৬১ জন এবং যশোর বোর্ডে সর্বনিম্ন ৫১ জন বহিষ্কৃত হয়েছে। গতকাল ছিল বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষা। আগের দিন অর্থাৎ বাংলা প্রথম পত্রে ৪টি বোর্ডে বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১ হাজার ৩শ' ৮৩ জন। পরীক্ষার প্রথম দিনে মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৪ লাখ ৮ হাজার ৪৫ জন।

গতকাল ঢাকা বোর্ডের অধীনস্থ পরীক্ষা কেন্দ্রগুলোতে বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা ১শ' ৮৫ জন। এর মধ্যে ঢাকা মহানগরীতে ৮, গাজীপুরে ২২, নরসিংদীতে ৭, মানিকগঞ্জে

১১-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## এইচএসসি পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

১৫, টাঙ্গাইলে ১৬, ফরিদপুরে ১৪, মাদারীপুরে ৯, গোপালগঞ্জে ৫, ময়মনসিংহে ২৯, কিশোরগঞ্জে ২০, নেত্রকোনায় ১৬, জামালপুরে ২০ এবং শেরপুরে ৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

কুমিল্লা বোর্ডে গতকালের পরীক্ষায় ৩শ' ১১ জনকে বহিষ্কার করা হয়েছে। এদের মধ্যে কুমিল্লায় ৭৫, চাঁদপুরে ২৯, ব্রাহ্মণবাড়ীয়ায় ২৪, চট্টগ্রামে ১শ' ৫, কক্সবাজারে ১৫, নোয়াখালীতে ২, সুনামগঞ্জে ৭, লক্ষ্মীপুরে ৪, ফেনীতে ১৯, সিলেটে ৯, মৌলভীবাজারে ১৩ এবং হবিগঞ্জে ৯ জনকে বহিষ্কার করা হয়েছে।

রাজশাহী অফিস জানায়, গতকাল (মঙ্গলবার) এইচএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে রাজশাহী বোর্ডের অধীন ১৫টি জেলায় ৬৭১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এদিন পরীক্ষায় অনুপস্থিত ছিল ৮২৭ জন।

বহিষ্কৃতের মধ্যে গাইবান্ধায় সর্বোচ্চ ২২৭ জন, দিনাজপুরে ১০৫, সিরাজগঞ্জে ৫৬, ঠাকুরগাঁওয়ে ৪৩, বগুড়ায় ৪১, রংপুরে ৩৫, নবাবগঞ্জে ৩১, রাজশাহীতে ২৭, নীলফামারীতে ২২, পাবনায় ১৪, নওগাঁয় ১২, জয়পুরহাটে ১৫, কুড়িগ্রামে ২৫, লালমনিরহাটে ৯ এবং পঞ্চগড়ে ৯ জন।

বোর্ড কন্ট্রোল রুম জানায়, সর্বত্র শান্তিপূর্ণ পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

যশোর অফিস জানায়, যশোর বোর্ডের এইচএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে মোট ৫১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে মাগুরায় ৯ জন, কুষ্টিয়ায় ২৫ জন, পটুয়াখালীতে ৪ জন, ভোলায় ২ জন, সাতক্ষীরায় ৩ ও খুলনায় ৮ জন।